

শিক্ষক ইচ্ছাক

২৬/৮/২০০৩

তারিখ ... ..  
পৃষ্ঠা ৩ কলাম ৪

**শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট  
সম্পর্কে অধ্যক্ষ কাজী  
ফারুকের বিবৃতি**

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান  
শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টের  
সচিব প্রফেসর কাজী ফারুক আহমেদ  
গত শনিবার এক বিবৃতিতে ট্রাস্টের  
কার্যক্রম যাহাতে বন্ধ না হয় সেই-  
দিকে সজাগ ও সতর্ক থাকার জন্য  
শিক্ষক-কর্মচারীদের প্রতি আহ্বান  
জানাইয়াছেন। তিনি বলেন, সংবাদ-  
পত্রে প্রকাশিত কল্যাণ ট্রাস্ট সম্পর্কে  
শিক্ষক নেতৃবৃন্দের একটি অংশের  
বক্তব্যের প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হই-  
য়াছে। ট্রাস্ট বোর্ডের সচিব হিসাবে  
নয়, দেশের বেসরকারী শিক্ষকদের  
একজন হিসাবে আমি মনে করি  
ট্রাস্টের কমিটিতে কে থাকিবেন বা  
থাকিবেন না তাহা আদৌ মুখ্য নয়।  
আমাদের কাহারও ইচ্ছাকৃত বা  
অনিচ্ছাকৃত ভুলে ১৯৯১ সালের  
মত আবারও যেন বেসরকারী শিক্ষক-  
কর্মচারীদের কল্যাণধর্মী এই প্রতি-  
ষ্ঠানটি বন্ধ না হইয়া যায় এবং  
পরিনামে বেসরকারী স্কুল-কলেজ  
ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণ  
নিজের অবসরকালে এবং মৃত্যুর  
পর তাহাদের উত্তরাধিকারীগণ প্রাপ্য  
হইতে যেন বঞ্চিত না হন।